

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৩, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বন শাখা-২
প্রজ্ঞাপন
তারিখ: ২৯ জুন ২০১৭

নং ২২,০০,০০০০.০৬৭.২২,০০৪.১৬-৩৭৬—পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-পবম (শা-৩)৭/৯৬/১৪৭, তাং-০৬-০৪-১৯৯৬ইং মূলে বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) আদেশ, ১৯৭৩ এবং বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) (সংশোধন) আইন, ১৯৭৪ এর ২৩(১)(২) ধারার ক্ষমতাবলে সুন্দরবন পূর্ব, সুন্দরবন পশ্চিম ও সুন্দরবন দক্ষিণ অভয়ারণ্যের ১,৩৯,৬৯৯.৪৯৬ হেক্টর এলাকাকে বন্যপ্রাণী অভয়ারণ্য ঘোষণা করা হয়।

বর্তমানে উক্ত অভয়ারণ্য এলাকা সম্প্রসারণের প্রয়োজন হওয়ায় বন অধিদপ্তরের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ এর ধারা ১৩ এর ক্ষমতাবলে ৬ এপ্রিল/১৯৯৬ তারিখের জারীকৃত বর্ষিত প্রজ্ঞাপন অধিকতর সংশোধনক্রমে সরকার সম্বন্ধিত সাথে সুন্দরবন সংরক্ষিত বনের নিম্ন তফসিলভুক্ত সংরক্ষিত এলাকাকে বন্যপ্রাণী অভয়ারণ্য হিসেবে ঘোষণা করিলেন:

| অভয়ারণ্যের নাম | কম্পার্টমেন্ট নং এবং সীমানা | | অভয়ারণ্য এলাকার পরিমাণ (হেক্টর) | | মোট এলাকা (হেক্টর) |
|-------------------|--|--|----------------------------------|------------------------|--------------------|
| | বিদ্যমান | সম্প্রসারিত/প্রস্তাবিত | বিদ্যমান | সম্প্রসারিত/প্রস্তাবিত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। সুন্দরবন পূর্ব | কম্পার্টমেন্ট নং-৪, ৫, ৬ (সমগ্র এলাকা) এবং কম্পার্টমেন্ট নং-৭ (অংশ)। সীমানা, উত্তরে: আরজবানী ও বেকি খাল, বালেশ্বরের সংযোগ স্থল পর্যন্ত সুপতি খাল, পূর্বে: বালেশ্বর নদী, পশ্চিমে: বেতমোর এবং চরাবেতমোর গাং, দক্ষিণে: ডিমের চরসহ বঙ্গোপসাগর। | কম্পার্টমেন্ট নং-১,২,৩,৪,৫, ৬, ৭, ৮ (অংশ), ৯, ১১, ৪৫ (অংশ), (দুধমুখী ডলফিন অভয়ারণ্য ব্যতীত ১৭০.০ হেক্টর)। উত্তরে: বগা খাল, মাইটার ভারানী, বড় শিয়াল খাল, শেলা গাং, হরিণটানা ক্যাম্পের ভাটায় লাটিমারা খালের উপর থেকে বেতমোর গাং হয়ে দুধমুখী ক্যাম্প এবং দাবুরী ভারানী খাল হয়ে ভোলা নদীর সংযোগ পর্যন্ত। পূর্বে: বালেশ্বর নদী। পশ্চিমে: পশুর নদী থেকে নামুর সমুদ্র নদী পর্যন্ত। দক্ষিণে: বঙ্গোপসাগর (দুবলারচর ব্যতীত)। | ৩১,২২৬.৯৩৮ | ৯১,৬৯৩.৯৬২ | ১,২২,৯২০.৯০ |

(৭৬৯৭)
মূল্য : টাকা ৪.০০

| অভ্যারণের নাম | কম্পার্টমেন্ট নং এবং সীমানা | | অভ্যারণের এলাকার পরিমাণ (হেক্টর) | | মোট এলাকা (হেক্টর) |
|--------------------|---|---|----------------------------------|----------------------|--------------------|
| | বিদ্যমান | সম্পসারিত/প্রস্তাবিত | বিদ্যমান | সম্পসারিত/প্রস্তাবিত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২। সুন্দরবন দক্ষিণ | কম্পার্টমেন্ট নং-৪৩ ও ৪৪ (সমগ্র এলাকা)। সীমানা: উত্তরে: কাগানদী এবং দোবেকী খাল, পূর্বে: কাগাকাংগা এবং মোরজাত নদী, পশ্চিমে: মালধঃ এবং গংগা নদী, দক্ষিণে: পাটনী দ্বীপসহ বঙ্গোপসাগর। | কম্পার্টমেন্ট নং- ১৮, ১৯, ৪৩, ৪৪। উত্তরে: পাটকস্টা খাল হয়ে হংসরাজ নদীর উপরের দিক দিয়ে পাঠাকাঠা ভারানী পর্যন্ত। পূর্বে: মরজাত নদী হয়ে নুমুদ সমুদ্র নদী পর্যন্ত। পশ্চিমে: আড়পাঙ্গাসিয়া নদী বড় পাংগা নদী থেকে মালধঃ নদী পর্যন্ত। দক্ষিণে: পাটনী দ্বীপসহ বঙ্গোপসাগর। | ৩৬,৯৭০.৪৫৫ | ৩৮,৩৩৯.৮৪৫ | ৭৫,৩১০.৩০ |
| ৩। সুন্দরবন পশ্চিম | কম্পার্টমেন্ট নং- ৫৩, ৫৪ ও ৫৫ (সমগ্র এলাকা)। কম্পার্টমেন্ট নং-৪৯ (অংশ), সীমানা: উত্তরে: বুড়ির গাং, সিলমারী, যমুনা নদীর সংযোগ স্থল পর্যন্ত নোটারবেকী খাল, পূর্বে: যমুনা নদী, পশ্চিমে: হরিণ ভাংগা নদী, দক্ষিণে: তালপট্টী দ্বীপসহ বঙ্গোপসাগর। | কম্পার্টমেন্ট নং-৪৯, ৫১এ, ৫১বি, ৫২, ৫৩, ৫৪, ৫৫। উত্তরে: যমুনা নদী বা মাহমুদা নদী হয়ে ফিরিঙ্গি গাং পর্যন্ত। উত্তর পশ্চিমে: কাচিকাটা খাল। পূর্বে: আড়পাঙ্গাসিয়া নদী এবং বড় পাংগা নদী থেকে মালধঃ নদী পর্যন্ত। পশ্চিমে: হরিণ ভাঙ্গা নদী হয়ে রায়মঙ্গল নদী পর্যন্ত। দক্ষিণে: তালপট্টী সহ বঙ্গোপসাগর। | ৭১,৫০২.১০৩ | ৪৮,২১৬.৭৭৭ | ১,১৯,৭১৮.৮৮ |
| মোট- | | | ১,৩৯,৬৯৯.৪৯৬ | ১,৭৮,২৫০.৫৮৪ | ৩,১৭,৯৫০.০৮ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইসতিয়াক আহমদ
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd